

৩ক. বিষ্ণু দে-র 'ঘোড়সওয়ার' কবিতায় একদিকে আসে বীরত্বের কথা, অন্যদিকে যৌনতার। এই দুই-কে মিলিয়ে কবি কীভাবে ঘোড়সওয়ার ইমেজটি তৈরি করে তুললেন, তা কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

অথবা

৩খ. 'মৌভোগ' কবিতার ভাষা-ইমেজ-অনুযুগ্ন সবই বিষ্ণু দে-র সমকালীন রাজনৈতিক বিশ্বাসকে সামনে রেখেই বুঝে নিতে হয়। এ বিষয়ে তোমার মতামত জানাও। ১০

৪ক. 'ফুল ফুটুক' কাব্যগ্রন্থ থেকে সুভাষের কবিতায় এসেছে গল্প বলার প্রবণতা। পাঠ্য কবিতা অবলম্বনে কবিতায় গল্প বলায় সুভাষের অনায়াস সাফল্যের রহস্যটি বিশ্লেষণ করো। প্রসঙ্গত তাঁর গল্প বলার ধরনের কোথাও কোনো বদল এসেছে কিনা জানাও। ১০

অথবা

৪খ. সুভাষের কবিতার অন্যতম উপাদান তাঁর 'চারপাশের জীবন'। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

— x —

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমিস্টার)

বিভাগ - বাংলা

বাংলা কবিতা (পর্ব - ২)

কোর্স পি.জি. - ৩.৪

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১ক. জীবনানন্দের কবিতায় অনেক সময়ই অগম্য অতীত অথবা দূরবর্তী ভবিষ্যৎ – কখনও-বা পরজন্মও – বিস্তীর্ণ হয়ে থাকে। 'বনলতা সেন' কাব্যগ্রন্থে তোমার পঠিত কবিতা অবলম্বনে এর তাৎপর্য বুঝিয়ে লেখো। ১০

অথবা

১খ. 'অর্থ নয়, কীর্তি নয়, সচ্ছলতা নয় / আরো এক বিপন্ন বিস্ময় / আমাদের অন্তর্গত রক্তের ভিতরে / খেলা করে ; / আমাদের ক্লান্ত করে।' এইখানে বিস্ময় কীসের, আর তা বিপন্নই বা কেন, তোমার নিজের ভাষায় যুক্তিসহ বুঝিয়ে লেখো। ১০

২ক. সমকালীন আন্তর্জাতিক পরিস্থিতি এবং একান্ত ব্যক্তিগত অনুভূতি এই দুই পৃথক বিষয়কে সুধীন্দ্রনাথ কীভাবে তাঁর 'সংবর্ত' কবিতায় মিলিয়ে দিয়েছেন, তা কবিতা অবলম্বনে আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

২খ. 'জেসন' কবিতায় যেমন গ্রিক মিথ-এর ঐতিহ্য রয়েছে, তেমনি রয়েছে একালের এক কথকের আত্মনুসন্ধানের প্রচেষ্টা। আলোচনা করো। ১০

(Turn over)